কানাইঘাটে বন্যার্তদের মাঝে সিলেট জেলা বিএনপির ত্রাণ বিতরণ

চেম্বার ডেস্ক:: সিলেট জেলা বিএনপির সভাপতি আব্দুল কাইয়ুম চৌধুরী বলেছেন, টানা বৃষ্টিপাত ও পাহাড়ী ঢলে সিলেট জুড়ে স্মরণকালের ভয়াবহ বন্যা দেখা দিয়েছে। লাখো লাখো মানুষ পানিবন্দী হয়ে মানবেতর জীবন যাপন করছে। খাবার, বিশুদ্ধ পানি ও ঔষুধপত্রসহ নানা সঙ্কট দেখা দিয়েছে। ফলে পানির সঙ্কট আরো ঘনীভুত হচ্ছে। জনগণের দল হিসেবে এই দুর্যোগে বিএনপি জনগণের পাশে আছে। বিএনপির সকল স্তরের নেতাকর্মীদের স্ব স্ব অবস্থান থেকে বন্যার্তদের সাহায্যে এগিয়ে আসতে হবে। একই সাথে সরকারকে বন্যার্তদের কল্যানে কার্যকর উদ্যোগ নিতে হবে।

তিনি বুধবার সিলেট জেলা বিএনপির উদ্যোগে কানাইঘাট উপজেলার খেয়াঘাটে বন্যার্ত মানুষের মাঝে ত্রান বিতরনকালে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন।

এসময় তিনি কানাইঘাট উপজেলার বন্যা কবলিত কয়েকটি এলাকা পরিদর্শন করেন। বন্যার্তদের প্রতি সহমর্মিতা জ্ঞাপন করেন। এসময় জেলা বিএনপি, কানাইঘাট উপজেলা বিএনপি অঙ্গ-সংগঠনের বিভিন্ন পর্যায়ের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

ত্রাণ বিতরণকালে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সিলেট জেলা বিএনপির সাধারণ সম্পাদক এডভোকেট এমরান আহমদ চৌধুরী। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি মামুনুর রশীদ মামুন, জেলা আহ্বায়ক কমিটির সাবেক সদস্য ইশতিয়াক আহমদ সিদ্দিকী, জেলার সাবেক সহ-দফতর সম্পাদক দিদার ইবনে তাহের লস্কর ও জেলা বিএনপি নেতা মাহবুব আলম।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জকিগঞ্জ উপজেলা সভাপতি শফিকুর রহমান, কানাইঘাট উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. শরীফুল হক, কানাইঘাট পৌর বিএনপির সাধারণ সম্পাদক মিজানুর রহমান ডিপজল, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খছরুজ্জামান, কোষাধ্যক্ষ আবুল বাশার, স্বেচ্ছাসেবক সম্পাদক আমিনুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক জাকারিয়া হাবীব, পৌর বিএনপির সহ-সভাপতি জসিম

উদ্দিন, সহ-সভাপতি ফারুক আহমদ, সহ-সাধারণ সম্পাদক নুরুল আমীন, ছাত্রদল নেতা রিয়াজ উদ্দিন, কানাইঘাট পৌর বিএনপির ৮নং ওয়ার্ড সভাপতি মানিক উদ্দিন, শ্রমিক দল নেতা খছরুজ্জামান, পৌর বিএনপির স্বেচ্ছাসেবক সম্পাদক আব্দুর রহমান, ১নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক এখলাছ উদ্দিন, ৬নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক তমিজ উদ্দিন, ৭নং ওয়ার্ডের সাবেক সভাপতি কুদরত উল্লাহ প্রমূখ।